

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫.৫৯

তারিখ: ১০ মাঘ ১৪২৩  
২৩ জানুয়ারি ২০১৭

**বিষয় : সরকারের গুরুত্বপূর্ণ নির্দেশনা/সার্কুলার সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ।**

জেলা প্রশাসকগণ মাঠ পর্যায়ে সামগ্রিকভাবে সরকারের অন্যতম প্রতিনিধি হিসাবে দায়িত্ব পালন করেন। কেন্দ্র ও তৃণমূলের মধ্যে সেতুবন্ধ রচনায় জেলা প্রশাসকদের দায়িত্ব বহুমাত্রিক হওয়ায় তাঁদেরকে জেলা পর্যায়ে সরকারের চোখ, কান, মুখ, ত্বক এবং হাত হিসাবে গণ্য করা হয়ে থাকে। এজন্য জেলা প্রশাসক/জেলা ম্যাজিস্ট্রেটকে সভাপতি/আহ্বায়ক করে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয় হতে বিভিন্ন কমিটি গঠন করা হয়ে থাকে। এর ধারাবাহিকতায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয় হতে বিভিন্ন নীতি/নির্দেশনা/সার্কুলার/কর্মপত্র/কর্মসূচি জেলা প্রশাসক/জেলা ম্যাজিস্ট্রেটগণের নিকট প্রেরণ করা হয়ে থাকে।

০২। কাজের সুবিধার্থে জেলা প্রশাসক/জেলা ম্যাজিস্ট্রেট তাঁর দপ্তরের কর্মকর্তাদের মধ্যে কর্মবন্টন করে থাকেন। দায়িত্বের সঙ্গে সম্পৃক্ত নন এমন কোন কোন কর্মকর্তা সরকারের উক্ত নীতি/নির্দেশনা/সার্কুলার/কর্মপত্র/কর্মসূচি সম্পর্কে অবহিত নন/জানার সুযোগ থাকে না। অথচ তাঁর আওতাধীন প্রত্যেক কর্মকর্তাকে দক্ষ, অভিজ্ঞ ও চৌকস কর্মকর্তা হিসাবে গড়ে তোলার লক্ষ্যে তাঁদের নিকট উল্লিখিত বিষয়সমূহ পৌঁছানোর ব্যবস্থা করা আবশ্যিক। তাছাড়া, কোন কোন সময় উল্লিখিত বিষয়সমূহ যথাযথভাবে সংরক্ষণ করা হয় না মর্মে জানা যায়।

০৩। উপর্যুক্ত প্রেক্ষাপটে নিম্নোল্লিখিত বিষয়গুলি অনুসরণ করা আবশ্যিক:

- ক) সরকারের যেকোন পর্যায়ে হতে তাঁর নিকট প্রেরিত নীতি/নির্দেশনা/সার্কুলার/কর্মপত্র/কর্মসূচির চিত্রপ্রতিলিপি সুবিন্যস্তভাবে গার্ড ফাইলে সংরক্ষণ;
- খ) তাঁর আওতাধীন সকল কর্মকর্তার নিকট উল্লিখিত বিষয়ের চিত্রপ্রতিলিপি প্রেরণ;
- গ) উল্লিখিত শ্রেণির বিষয়াদি মাসিক সমন্বয় সভায় আলোচ্যসূচিভুক্তকরণ;
- ঘ) জ্ঞানের গভীরতা বৃদ্ধি অথবা অস্পষ্টতা দূরীকরণের সুবিধার্থে উল্লিখিত কোন গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে কর্মকর্তাদের নিয়ে সুবিধাজনক সময়ে আলোচনার ব্যবস্থাকরণ;
- ঙ) পরিদর্শন/দর্শনকালে সংশ্লিষ্ট বিষয়সমূহ সম্পর্কে সকলকে অবহিতকরণ;
- চ) জনস্বার্থপূর্ণ বিষয় হলে উহা ব্যাপক প্রচারের ব্যবস্থাকরণ;
- ছ) অন্যান্য দপ্তরের জন্য প্রয়োজ্য বিষয়াদি/নির্দেশনাসমূহ জেলা তথ্য বাতায়নে প্রকাশ; এবং
- জ) সংশ্লিষ্ট নীতি/নির্দেশনা/সার্কুলার/কর্মপত্র/কর্মসূচি পরিপূর্ণভাবে বাস্তবায়ন।

০৪। এমতাবস্থায়, উপর্যুক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হল।

(মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী)  
অতিরিক্ত সচিব  
মন্ত্রিপরিষদ বিভাগ  
ফোন: ০২-৯৫৭৩৮৩৩

জেলা প্রশাসক (সকল)।

**অনুলিপি:**

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩। বিভাগীয় কমিশনার, ... (সকল)।
- ৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ... (সকল)।